ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

## সংবাদ বিজ্ঞপ্তি

# শিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়নসহ সকল প্রকার নির্যাতন বন্ধ; সংশ্লিষ্ট সকলের জন্য আচরণবিধি ও তার কার্যকর প্রয়োগ এর দাবি

**ঢাকা, ১০ আগস্ট ২০১১:** শিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়নসহ সকল প্রকার নির্যাতন বন্ধ এবং সংশ্লিষ্ট সকলের জন্য আচরণবিধি ও তার কার্যকর প্রয়োগ এর দাবি জানিয়ে টিআইবি আজ (১০ আগস্ট) ১২ আগস্ট জাতিসংঘ ঘোষিত আন্তর্জাতিক যুব দিবসটি উদযাপন করেছে। দিবসটি পালন উপলক্ষে টিআইবি'র প্রেরণায় তরুণ স্বেচ্ছাসেবকদের নিয়ে গঠিত ঢাকা ইয়েস (ইয়ুথ এনগেইজমেন্ট এ্যান্ড সাপোর্ট) গ্রুপ ও সর্বস্তরের তরুণদের অংশগ্রহণে র‌্যালি, ভ্রাম্যমান কার্টুন প্রদর্শনী এবং দুর্নীতিবিরোধী গেইম শো এর আয়োজন করা হয়।

আজ সকাল ১১টায় টিএসসি প্রাঙ্গণে এক মানববন্ধন এর মাধ্যমে সারাদিনের কার্যক্রম শুরু হয়। প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য **অধ্যাপক আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক** মানববন্ধন কর্মসূচির উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন টিআইবি'র নির্বাহী পরিচালক **ড. ইফতেখারুজ্জামান**। টিআইবি কর্তৃক ঢাকার ১৪টি শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত ইয়েস গ্রুপের সদস্য, সাধারণ ছাত্র-ছাত্রী, শিক্ষক, টিআইবি কর্মী, বিভিন্ন সমমনা সংগঠনের প্রতিনিধিসহ সর্বস্তরের মানুষ মানববন্ধনে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন টিআইবি'র নির্বাহী পরিচালক **ড. ইফতেখারুজ্জামান**। তিনি বলেন, 'সাম্প্রতিক সময়ে আইন বর্হিভূত হত্যাকান্ড এবং নির্যাতনের ঘটনা বৃদ্ধি পাওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবশ্যই এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।' তিনি শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি বন্ধে একটি আচরণবিধি প্রণয়ন, অভিযোগ সেল গঠন এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ আইনী পদক্ষেপ গ্রহণের দাবি জানান।

প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাননীয় উপাচার্য **অধ্যাপক আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক** বলেন, 'শিক্ষা প্রতিষ্ঠানে নারীর অবমাননা জাতি ও দেশের জন্য অপমানজনক। তরুণদেরকে অবশ্যই যৌন হয়রানিসহ নারীর বিরুদ্ধে অবমাননাকর কর্মকান্ডের বিরুদ্ধে এগিয়ে আসতে হবে।'

দিবসটি উপলক্ষে টিএসসি প্রাঙ্গণে ভ্রাম্যমান কার্টুন প্রদর্শনী ও দুর্নীতিবিরোধী গেইম শো **'ক্র্যাশ দ্যা করাপশন'** এর আয়োজন করা হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা দুর্নীতির প্রতি তাদের ঘৃনা জানাতে এই গেইম শো'তে অংশগ্রহণ করে।

উল্লেখ্য, টিআইবি'র অনুপ্রেরণায় ঢাকা'র বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত **ইয়েস** (ইয়ুথ এনগেজমেন্ট এন্ড সাপোর্ট) গ্রুপ এর প্রত্যক্ষ অংশগ্রহণে আন্তর্জাতিক যুব দিবস ২০১১ এর আয়োজন করা হয়। ইয়েস গ্রুপ সমুহ জাতীয় ও স্থানীয় পর্যায়ের সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবার জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে থাকে।

গণমাধ্যম যোগাযোগঃ

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইলঃ ০১৭১৩০৬৫০১২
ইমেইলঃ rezwan@ti-bangladesh.org